# আল কুরআন রুকইয়াহ হিলিং সেন্টার

**রাকী ফয়সাল আহমেদ সাবিত (Raqi Faisal Ahmed Sabit)**

**এমবিবিএস শিক্ষার্থী, কুমিল্লা মেডিকেল কলেজ**

## বাড়ি ও শরীর থেকে জাদু, নজর ও জ্বিন তাড়ানোর শক্তিশালী তাহরীজ

নিচে রুকইয়াহর জন্য শক্তিশালী তাহরীজ এবং হুবহু আরবি আয়াত ও দোয়াগুলো অর্থসহ দেওয়া হলো:

**أُحَرِّجُ بِاللَّهِ وَبِأَسْمَائِهِ وَبِكَلِمَاتِهِ عَلَى كُلِّ مَنْ دَخَلَ الْبَيْتَ بِسِحْرٍ أَوْ بِعَيْنٍ أَوْ بِتَسْلِيطٍ أَوْ بِتَوْكِيلٍ، اخْرُجُوا جَمِيعًا بِسْمِ اللَّهِ**

**অর্থ:** আমি আল্লাহ, তাঁর নামসমূহ এবং তাঁর বাক্যসমূহের কসম দিয়ে সতর্ক করছি, যে কেউ জাদু, বদনজর, আক্রমণ বা নিযুক্ত হয়ে এই ঘরে প্রবেশ করেছ, **আল্লাহর নামে তোমরা সকলে বের হয়ে যাও।**

**أُحَرِّجُ بِاللَّهِ وَبِأَسْمَائِهِ وَبِكَلِمَاتِهِ عَلَى كُلِّ مَنْ دَخَلَ الْبَيْتَ مِنْ غَيْرِ بَابِهِ وَبِغَيْرِ إِذْنِ أَهْلِهِ يَخْرُجُ بِسْمِ اللَّهِ**

**অর্থ:** আমি আল্লাহ, তাঁর নামসমূহ এবং তাঁর বাক্যসমূহের কসম দিয়ে সতর্ক করছি, যে কেউ দরজা ছাড়া অন্য কোনো পথে এবং ঘরের মালিকের অনুমতি ছাড়া এই ঘরে প্রবেশ করেছ, সে আল্লাহর নামে বের হয়ে যাক।

أُحَرِّجُ بِاللَّهِ وَبِأَسْمَائِهِ وَبِكَلِمَاتِهِ وَبِمَلَائِكَتِهِ عَلَى كُلِّ مَنْ

سَكَنَ الْبَيْتَ بِسِحْرٍ أَوْ بِعَيْنٍ أَوْ بِحَسَدٍ أَوْ بِتَسْلِيطٍ أَوْ

بِتَوْكِيلٍ، اخْرُجُوا جَمِيعًا بِسْمِ اللَّهِ

**অর্থ:** আমি আল্লাহ, তাঁর নামসমূহ, তাঁর বাক্যসমূহ এবং তাঁর ফেরেশতাদের কসম দিয়ে সতর্ক করছি, যে কেউ জাদু, বদনজর, হাসাদ (হিংসা), আক্রমণ বা নিযুক্ত হয়ে এই ঘরে বসবাস করছ, **আল্লাহর নামে তোমরা সকলে বের হয়ে যাও।**

## সূরা যিলযাল (سورة الزلزلة)

إِذَا زُلْزِلَتِ الْأَرْضُ زِلْزَالَهَا ۞{١}۞ وَأَخْرَجَتِ الْأَرْضُ أَثْقَالَهَا

۞{٢}۞ وَقَالَ الْإِنسَانُ مَا لَهَا ۞{٣}۞

**অর্থ:** যখন পৃথিবী তার আপন কম্পনে প্রকম্পিত হবে, এবং পৃথিবী তার ভিতরের ভার বের করে দেবে, এবং মানুষ বলবে, এর কী হলো?

يَوْمَئِذٍ تُحَدِّثُ أَخْبَارَهَا ۞{٤}۞ بِأَنَّ رَبَّكَ أَوْحَىٰ لَهَا ۞{٥}۞ يَوْمَئِذٍ

يَصْدُرُ النَّاسُ أَشْتَاتًا لِّيُرَوْا أَعْمَالَهُمْ ۞{٦}۞

**অর্থ:** সেদিন সে তার বৃত্তান্ত বর্ণনা করবে, কারণ আপনার রব তাকে প্রত্যাদেশ করবেন। সেদিন মানুষ বিভিন্ন দলে বিভক্ত হয়ে প্রত্যাবর্তন করবে, যাতে তাদেরকে তাদের আমল দেখানো যায়।

فَمَن يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ ﴿٧﴾ وَمَن يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ ﴿٨﴾

**অর্থ:** অতঃপর কেউ অণু পরিমাণ সৎকর্ম করলে সে তা দেখবে, এবং কেউ অণু পরিমাণ অসৎকর্ম করলে সে তাও দেখবে।

## 📌 সেলফ রুকইয়াহ গাইডলাইন

আপনি যে সমস্যাগুলো থেকে বের হতে চান অথবা যে রোগ থেকে সুস্থতা লাভ করতে চান সেই সমস্যা ও রোগ গুলোকে ১, ২, ৩, এভাবে নাম্বার দিয়ে সিরিয়াল অনুযায়ী প্রথমে নোট ডাউন করে নিবেন।

পরবর্তীতে এক নম্বরে যে সমস্যা বা রোগটি থাকবে সেটার জন্য একদিন ৩০ মিনিট আপনি নিজেই রুকইয়াহ করবেন, দ্বিতীয় নম্বরে যে সমস্যা বা রোগটি থাকবে সেটার জন্য দ্বিতীয় দিন ৩০ মিনিট রুকইয়াহ করবেন।

তৃতীয় দিন তৃতীয় সমস্যা বা রোগটির জন্য, চতুর্থ দিন চতুর্থ সমস্যা বা রোগের জন্য। এভাবে সিরিয়াল অনুযায়ী...

### নিজেই নিজের রুকইয়াহ করার নিয়ম

"হে আল্লাহ আমার [জাদু, বদনজর, হাসাদ, ঘর ও শরীরে থাকা শয়তান বা জিন এবং তাদের যেকোন تسليط (প্রভাব/আক্রমণ)] এর সাথে সম্পৃক্ত সকল বদনজর, হাসাদ, সেহের, জ্বীন, শরীরের ভিতরে ও বাইরে থাকা শয়তান জ্বীন ও তাদের সকল প্রভাবকে আপনি ধ্বংস করে দিন"

উপরের এই বাংলা দোয়াটি ১৫ মিনিট পাঠ করবেন। আর বাকি ১৫ মিনিট সূরা ফাতিহা, ফালাক এবং নাস এবং উল্লেখিত আয়াত গুলো পাঠ করবেন।

এভাবে বাংলা ১৫ মিনিট দোয়া এবং ১৫ মিনিট কুরআনের আয়াত পাঠ করে মোট ৩০ মিনিট রুকইয়াহ শেষ করার পর পানি, মধু, গোলাপজল, অলিভ অয়েল, বড়ই পাতা, এগুলোতে হালকা থুতু দিয়ে মিশিয়ে ফুঁ দিবেন।

(শুরু করে দিন, অন্তত পানি দিয়ে হলেও, তারপর আস্তে আস্তে সংগ্রহ করুন)

এরপর করার ফলে আপনার নিজের রুকইয়াহও হলো আবার সাথে সাথে আপনার পড়া পানি, পড়া মধু, পড়া তেল ইত্যাদি সব সাপ্লিমেন্ট ব্যবহারের জন্য তৈরি হয়ে গেল।

### সাপ্লিমেন্ট ব্যবহার করার নিয়ম

আপনি রুকইয়াহ করে যে পড়া পানি তৈরি করেছেন সেখান থেকে আধা লিটার পড়া পানি নিয়ে তাতে পরিমাণ মতো এবং স্বাদ মতো লেবুর রস, মধু, সিদর পাতা মিশিয়ে শরবত বানিয়ে পুরোটা খেয়ে আপনার জন্য সাপোর্টিভ রুকইয়াহ অ্যাক্টিভ করবেন।

সাজেস্টেড রুকইয়াহ: **সূরা যিলযাল এবং শক্তিশালী এই তাহরীজটি নিয়মিত তিলাওয়াত করবেন ও শুনবেন।**

### রুকইয়াহ গোসল করবেন সপ্তাহে ১ দিন

গোসলের নিয়ম: এক বালতি গোসলের পানি নিন। তাতে ১ লিটার পড়া পানি, ১০-১৫ চামচ গোলাপজল এবং ১ থেকে ৩ চামচ অলিভ অয়েল এবং সাতটি বড়ই পাতা বেটে পেস্ট করে পানিতে মিশিয়ে ফেলুন। (বড়ই পাতা না পেলে গোলাপ পাতা)

এরপর এই ১ বালতি পানি থেকে আরেক বালতি পানি আপনার মাথার উপর থেকে আস্তে আস্তে ঢালবেন এবং পুরো শরীর ম্যাসাজ করবেন। পরবর্তীতে নরমাল ফ্রেশ পানি দিয়ে গোসল করে শরীর পরিষ্কার করে নিবেন।

### পড়া অলিভ অয়েল ব্যবহার করবেন

গোসলের পর এবং রাতে ঘুমানোর আগে পুরো শরীরে পড়া অলিভ অয়েল মেখে নিবেন।

বিশেষ করে আপনার শরীরের যে সকল জায়গায় ব্যথা করে, জ্বালাপোড়া করে এবং ফুসকুড়ি সেসব স্থানে ঐ পড়া অলিভ অয়েল দিয়ে ম্যাসাজ করবেন।

### পড়া পানি দিয়ে মুখ ধোবেন / স্প্রে করবেন

যখন আপনার বাসায় স্প্রে করবেন, তখন ঐ পানি দিয়ে স্প্রে করা হবে এবং পড়া পানি মিশিয়ে নিয়ে তা দিয়ে বাসার ফ্লোর মুছে নিবেন।

একটি স্প্রে বোতলে পড়া পানি এবং সুগন্ধি ছাড়া এমন আতর মিশিয়ে বাসায় স্প্রে করবেন।

### আমল

সূরা কফ ৩ বার রাতে, সকালে সূরা ইয়াসিন, সন্ধ্যায় সূরা ওয়াকিয়া। এবং হিসনুল মুসলিম অ্যাপ থেকে সকাল সন্ধ্যার দুআ পড়বেন.

### সামর্থ্য অনুযায়ী সুন্নতের নিয়তে সাদাকাহ করবেন

নিয়মিত মাসনুন আমল করার পাশাপাশি নিজের সামর্থ্য অনুযায়ী সুন্নতের নিয়তে সাদাকাহ আদায় করবেন।

**To take paid consultancy and guideline:**

**Facebook Page: Raqi Faisal Ahmed Sabit**

**Telegram: Raqi Faisal Ahmed Sabit (Official) for all pdfs and audios**

**Source / Reference:** https://youtu.be/TK_XTqCYK8M (مدينة العلم | فواز الأسود)